**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৫-২০ অর্থ-বছর পর্যন্ত গৃহীত 'সেবা সহজিকরণের' তথ্য**

| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | | |
|---|---|---|
| **অর্থ-বছর** | **সহজিকৃত সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | | |
| ২০১৬-২০১৭ | | |
| ২০১৭-২০১৮ | | |
| ২০১৮-২০১৯ | | |
| ২০১৯-২০২০ | বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের বিভিন্ন ছুটি সেবা সহজিকরণ। | বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বহিঃ বাংলাদেশ ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত সেবা সহজিকরণ। |

| সমবায় অধিদপ্তর | | |
|---|---|---|
| **অর্থ-বছর** | **সহজিকরণের সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | করা হয়নি | -- |
| ২০১৬-২০১৭ | নিবন্ধন প্রক্রিয়া সহজিকরণ | সেবা প্রত্যাশী নাগরিকের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ২৫৯-২৬২ নং নির্দেশমালা, সেবা পদ্ধতি সহজিকরণ ম্যানুয়াল, ২০১৫ এর আলোকে সমবায় অধিদপ্তরের এসপিএস টিম কর্তৃক বিভিন্ন নাগরিক সেবা সহজিকরণ উদ্যোগের অংশ হিসেবে কম সময়ে, কম খরচে এবং কম ভিজিটে প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এ কার্যক্রমের অংশ হিসেবে সমবায় সমিতির নিবন্ধন ক্ষমতা জেলা সমবায় অফিসারের পরিবর্তে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের অনুকূলে অর্পণ করে বিদ্যমান কাজের ধাপ, দাখিলীয় কাগজপত্রের ধরণ, জনবলের সম্পৃক্ততা ও কার্যসম্পাদনের সময়কাল কমিয়ে নাগরিক বান্ধব করার পদক্ষেপ নেয়া হয়েছে। বর্তমানে মোট ২৮টি উপজেলায় উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে সহজিকৃত সমবায় সমিতি নিবন্ধন প্রক্রিয়ায় সেবা প্রদান করা হচ্ছে। |
| ২০১৯-২০২০ | সমবায় সমিতির বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া সহজিকরণ | সমবায় একটি সংবিধিবদ্ধ আর্থিক খাত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩(২) অনুচ্ছেদে মালিকানার খাত হিসেবে সমবায়ের কথা বলা হয়েছে। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩ বিধি অনুসারে বাংলাদেশের প্রায় সকল শ্রেণি পেশার মানুষদের সমবায়ের বাহুবন্ধনে আবদ্ধ করার অনন্য প্রয়াস লক্ষণীয়। এ বিধি অনুসারে সমবায় অধিদপ্তর হতে ২৯ (উনত্রিশ) ক্যাটাগরিতে সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়ে থাকে। এ সকল সমবায় সমিতি সমূহ সদস্যদের কল্যাণে সম্পদ অর্জন, সম্পদ সংগ্রহ, আর্থিক লেনদেন এবং নগদ অর্থ প্রবাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমিতির সদস্যদের মধ্যে নিজেদের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্টতা এবং সমিতির সাথে সদস্যদের বিভিন্ন প্রত্যাশিত সেবা নিয়ে প্রায়শই বিরোধ দেখা দেয়। সমবায় সমিতি আইন, ২০০১ এর ৫০ ধারা |

04/01/2021
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | এবং সমবায় বিধিমালা, ২০০৪ এর ১১১-১২২ বিধি অনুসারে বিরোধ মামলা গ্রহণের মাধ্যমে সমবায় অধিদপ্তর কর্তৃক এ সব বিরোধ নিষ্পত্তি করা হয়ে থাকে। বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সমবায় সমিতির সদস্যগণকে দীর্ঘ ভোগান্তি ও হয়রানির সম্মুখীন হতে হয়। বিরোধ মামলা দায়েরের শুরু থেকে মামলা পরিচালনার প্রতিটি ধাপে স্থান, সময় ও তারিখ নির্ধারণ করে সেবা গ্রহীতাদের নিকট সেবা প্রাপ্তি সহজলভ্য করা, অপ্রয়োজনীয় যাতায়াত হ্রাস করা, অর্থের অপচয় রোধ করা এবং সরকারি সেবার গুণগত মান বৃদ্ধি করার লক্ষ্যে "সমবায় সমিতির বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া সহজিকরণ" এর পদক্ষেপ নেয়া হয়েছে। |

| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | | |
|---|---|---|
| **অর্থবছর** | **সহজিকৃত সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | - | |
| ২০১৬-২০১৭ | - | |
| ২০১৭-২০১৮ | - | |
| ২০১৮-২০১৯ | বিআরডিবি'র পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান সহজিকরণ। | বিদ্যমান সেবা পদ্ধতিতে সেবা গ্রহণকারীদের পেনশনের দায়-দেনা প্রাপ্তিতে সময়, অর্থ ও ভিজিট বেশী লাগে। দায়-দেনার জন্য গুরুত্বপূর্ণ নয় এমন কাগজপত্র চাওয়া হয় ও একই ধরনের কাগজপত্র বারবার চাওয়া হয়। অফিসে একই তথ্য বিভিন্ন শাখা হতে বিভিন্ন সময়ে একাধিক চাওয়া হয়। একাধিক ব্যক্তি ও কমিটির মাধ্যমে বারবার যাচাই বাছাই সুপারিশ করা হয় এবং অভ্যন্তরীণ দায়-দেনা নিষ্পত্তির জন্য প্রায় ৩ মাস সময় লেগে থাকে। অভ্যন্তরীণ দায়-দেনা নিষ্পত্তির জন্য নথি প্রশাসন শাখা হতে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করে পুনরায় প্রশাসন শাখায় ফেরত আসে। আবার প্রশাসন শাখা হতে অন্য শাখায় প্রেরণ করা হয় । যেমনঃ প্রশাসন শাখা > মূল্যায়ণ শাখা > প্রশাসন শাখা > বিশেষ প্রকল্প > প্রশাসন শাখা। প্রশাসন শাখা হতে অভ্যন্তরীণ দায়-দেনা নিষ্পত্তির জন্য বার বার নথি উপস্থাপন করতে হয় বিধায় কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রত্যয়ন প্রাপ্তিতে বিলম্ব হয়। ফলশ্রুতিতে কর্মকর্তা/কর্মচারীদের পেনশন এর অর্থ পেতে বিলম্ব হয়। ভিন্ন ভিন্ন শাখা/বিভাগে ভিন্ন ভিন্ন সময় নিয়ে নথি নিষ্পত্তি করে থাকে। যেমনঃ শৃংখলা শাখা ০৪ দিন, কেন্দ্রীয় ভান্ডার ২ দিন, মূল্যায়ন শাখা ১০ দিন, হিসাব শাখা ২০ দিন, বিশেষ প্রকল্প শাখা ০৫ দিন, অডিট শাখা ২০ দিন, পুনরায় হিসাব শাখা ০৮ দিন।<br><br>বর্তমানে এই সেবাটি সহজিকরণের লক্ষ্যে অনাব্যশক প্রমানক কাগজ পত্র না চেয়ে অভ্যন্তরীণ দায়-দেনা সহজিকরনের লক্ষ্যে একই সময়ে দায়-দেনা নির্ধারনের জন্য ই-ফাইলিং এর মাধ্যমে বিভিন্ন শাখায় (হিসাব ও নিরীক্ষা শাখা ব্যতীত) নথি প্রেরণ এবং সর্বোচ্চ ০৩ দিনের মধ্যে তথ্য প্রদানের সিদ্ধান্ত হয়। বিভিন্ন শাখা হতে প্রাপ্ত দায়-দেনার তথ্যসহ মূল নথি দায়-দেনার জন্য হিসাব ও নিরীক্ষা শাখায় প্রেরণ ও চূড়ান্ত দায়-দেনা প্রত্যয়ন তৈরি করা হয়। হিসাব শাখা ৯ দিন এবং |

Tibl 04/01/2021
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Ankhi 04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | নিরীক্ষা শাখা ৬ দিন। হিসাব শাখা তাদের দায়-দেনা নিষ্পত্তি করে সরাসরি নিরীক্ষা শাখায় নথি প্রেরণ এবং নিরীক্ষা শাখা চূড়ান্ত দায়-দেনা তৈরিপূর্বক সরাসরি হিসাব শাখায় প্রেরণ করে। এ ক্ষেত্রে হিসাব শাখার প্রযোজ্য সময় ৩ দিন। বিভিন্ন শাখাকে দ্রুত দায়-দেনা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ফলে বর্তমানে এ সেবাটি সহজিকরণের মাধ্যমে ০১ মাসের মধ্যে অভ্যন্তরীণ দায়-দেনা নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। |
| | ঋণ বিতরণ প্রক্রিয়া (আবর্তক) সহজিকরণ। | বিদ্যমান পদ্ধতিতে ঋণ পরিশোধের পর পরবর্তী ঋণ গ্রহণে দীর্ঘসূত্রীতার সৃষ্টি হয়। ঋণ আবেদনের জন্য নির্ধারিত ফরমটিতে অপ্রয়োজনীয় তথ্য প্রদান করা হয় এবং ঋণ অনুমোদনের ক্ষেত্রে ধাপের পরিমাণ বেশি। এতে সদস্যদের ঋণ ব্যবহারের ক্ষেত্রে কর্মঘন্টা নষ্ট হয় এবং ঋণের ব্যবহার বিলম্বিত হয়।<br><br>বর্তমানে এই সেবাটি একই দিনে একটি সভার মাধ্যমে ঋণ আবেদনপূরণ ও প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া উপপরিচালকের কার্যালয় থেকে হাতে হাতে অনুমোদন গ্রহণ/ই-মেইলের মাধ্যমে অনুমোদন প্রেরণ ও গ্রহণেমাধ্যমে এই সেবাটি সহজিকরণ করা হয়েছে। |
| ২০১৯-২০২০ | কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার (সদাবিক) সহজিকরণ। | বিদ্যমান পদ্ধতিতে সেবাটি কু-ঋণ ব্যবহার ও ব্যবস্থাপনায় কোন ধরণের নীতিমালা ছিলনা। সেবা গ্রহণকারীদের কু-ঋণ সমন্বয়ে সময় ও ভিজিট বেশি লাগত। সদাবিক দলভূক্ত কোন সদস্যের মৃত্যুর পর ঋণ গ্রহিতা সদস্যের ঋণ পরিশোধের আর্থিক সংগতি না থাকলে মৃত্যু ব্যক্তির জমাকৃত সঞ্চয় ঋণ খাতে সমন্বয় করত। অত:পর অবশিষ্ট টাকা কু-ঋণ তহবিল থেকে সমন্বয় করা হয়। কু-ঋণে সুবিধা পাওয়ার জন্য ক্ষেত্র সংখ্যা কম ছিলো। মৃত ব্যক্তির মৃত্যুর ১৫ দিনের মধ্যে বৈধ ওয়ারিশগণের পক্ষে নির্দিষ্ট ফরমে আবেদন করত শুধুমাত্র মৃত ব্যক্তির ক্ষেত্রে কু-ঋণ সমন্বয় করা হয় অন্য ক্ষেত্রে সমন্বয়ের সুযোগ ছিলোনা। অফিসে একই তথ্য বিভিন্ন সময়ে একাধিক বার চাওয়া হয়। একাধিক ব্যক্তির মাধ্যমে বারবার যাচাই-বাছাই সুপারিশ করা হতো। কু-ঋণ সমন্বয়ের জন্য প্রায় ১ মাস সময় প্রয়োজন ছিলো এবং একই ধাপে একাধিক জনবলের সম্পৃক্ততা জটিলতা সৃষ্টি করত। মূলত সদাবিক এর কু-ঋণ নীতিমালা না থাকায় এই জটিলতার সৃষ্টি হয়।<br><br>বর্তমানে এই সেবাটি প্রদানের ক্ষেত্রে কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহারের জন্য নীতিমালা প্রণয়ন করা হয়েছে। সেবা গ্রহণকারীদের কু-ঋণ সমন্বয়ে সময়, খরচ ও ভিজিট কম লাগে। পূর্বে শুধুমাত্র মৃত ব্যক্তির ক্ষেত্রে কু-ঋণ সমন্বয় করা হয়ে থাকত অন্য ক্ষেত্রে সমন্বয়ের সুযোগ ছিলো না। এর ফলে ঋণ গ্রহিতার ঋণ নিম্নোক্তভাবে কু-ঋণ হিসেবে বিবেচনা করা যাবে।<br>(ক) ঋণ গ্রহিতার মৃত্যুর পর তার ঋণ পরিশোধে সক্ষম কোন ওয়ারিশ না থাকলে;<br>(খ) ঋণ গ্রহিতা প্রাকৃতিক দূর্যোগ যেমন নদীভাঙ্গান, উপর্যুপরি বন্যা, খরা ইত্যাদি কারণে নি:স্ব/ঋণ পরিশোধে অক্ষম হলে ;<br>(গ) প্রাকৃতিক বা অন্য কোন কারণে স্থায়ীভাবে এলাকা ত্যাগ করলে;<br>(ঘ) দুর্ঘটনায় পঙ্গুত্ববরণ, অগ্নিদগ্ধ বা প্রাণ ঘাতি কোন ব্যাধিতে আক্রান্ত |

04/01/2021
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | হয়ে উপার্জন ক্ষমতা হারিয়ে ঋণ গ্রহীতা সদস্য/তার পরিবার ঋণ পরিশোধে অক্ষম হলে;<br>(ঙ) ঋণ গ্রহীতা আদালত কর্তৃক দেওলিয়া ঘোষিত হলে<br>এছাড়াও মৃত ব্যক্তির মৃত্যুও ৬০ দিনের মধ্যে বৈধ ওয়ারিশগণের পক্ষে নির্দিষ্ট ফরমের মাধ্যমে আবেদন করতে পারবে। অনাব্যশক প্রমানক কাগজ পত্র না চাওয়া। কু-ঋণ যাচাই কমিটির মাধ্যমে সুপারিশ করা হয়। উপপরিচালক কর্তৃক কু-ঋণ তহবিল হতে ঋণ সমন্বয়ের অফিস আদেশ জারী করা হয়। কু-ঋণ সমন্বয়ের বিষয়টি সংশ্লিষ্ট সদস্য বা তার ওয়ারিশগণকে পত্রের মাধ্যমে অবহিত করা হচ্ছে। আবেদনের তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে কু-ঋণ তহবিল সমন্বয় করা হচ্ছে। এছাড়া কু-ঋণ সমন্বয়ের ক্ষেত্রে অধিকতর পুরানো ঋণ কে অগ্রাধিকার দেয়া হচ্ছে এবং সকল প্রক্রিয়া সহজে এবং কম সময়ে সম্পন্ন করার জন্য এই সেবাটি সহজিকরণ করা হয়েছে। |

**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা**

| অর্থ-বছর | সহজিকৃত সেবার নাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ২০১৫-১৬ | -- | -- |
| ২০১৬-১৭ | -- | -- |
| ২০১৭-১৮ | -- | -- |
| ২০১৮-১৯ | হোস্টেলের আবাসনের জন্য অনলাইন আবেদন | বার্ড হোস্টেলের আবাসন সুবিধা গ্রহণের জন্য উপস্থিত হয়ে আবেদনের প্রয়োজন নেই। অনলাইনে আবেদন করলে খালি সাপেক্ষে আবাসন সুবিধা পাওয়া যায়। |
| ২০১৯-২০ | বার্ড লাইব্রেরী অটোমেশন | বার্ডের অনুষদ সদস্যগণ অফিস কক্ষে বসে অনলাইনের মাধ্যমে বার্ড লাইব্রেরীর সকল বইয়ের তালিকা দেখতে ও বই প্রাপ্তির জন্য চাহিদা প্রদান করতে পারেন। |

**পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া**

| অর্থ-বছর | সহজিকৃত সেবার নাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ২০১৫-২০১৬ | কমিউনিটি বায়োগ্যাস | **বিগত সমস্যা:** গ্রাম অঞ্চলে জ্বালানী ও জৈব সারের তীব্র সংকট।<br>**সমাধান :** কমিউনিটি ভিত্তিতে বায়োগ্যাস প্লান্ট স্থাপন।<br>**ফলাফল :** গ্রাম অঞ্চলে পাইপ লাইনের মাধ্যমে জ্বালানীর সংস্থান ও কৃষি জমির উর্বরতা বৃদ্ধকিরণ। |
| ২০১৬-২০১৭ | দ্বিস্তর কৃষি প্রযুক্তি | **বিগত সমস্যা:** কৃষি জমিতে বিদ্যুৎ বা তেল ছাড়া সেচ যন্ত্র চালনা সম্ভব ছিলনা।<br>**সমাধান :** কৃষি জমিতে আলের মাঝে মাঝে সোলার প্যানেল বসিয়ে সেচ যন্ত্র চালনার মাধ্যমে কৃষি জমিতে পানির ব্যবস্থাকরণ।<br>**ফলাফল :** কৃষি জমিতে বিনা বিদ্যুৎ বা তেলে সেচ যন্ত্র চালনা খরচ হ্রাস। সৌর বিদ্যুতের মাধ্যমে সেচ প্রদানের ফলে উৎপাদন বৃদ্ধি এবং তেল ও বিদ্যুৎ স্বাশ্রয়। |
| ২০১৭-২০১৮ | অনলাইন ভিত্তিক গবেষণা | **বিগত সমস্যা:** প্রশ্নপত্ররে মাধ্যমে সনাতন পদ্ধতিতে মাঠ পর্যায়ে গবেষণার তথ্য সংগ্রহ, বিন্যাস ও বিশ্লেষন করা হতো।<br>**সমাধান :** অনলাইন ভতিকি মোবাইল, ট্যাব এর মাধ্যমে অতিদ্রুত ও সঠিক |

০৮/০১/২০২১
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | তথ্য মাঠ পর্যায় থেকে সংগ্রহ করা হচ্ছ।<br>**ফলাফল :** স্বল্প সময়ে মানসম্মত গবেষণা করা সম্ভব হচ্ছে। |
| ২০১৮-২০১৯ | পল্লী জনপদ | **বিগত সমস্যা:** আবাসন খাতে কৃষি জমির আগ্রাসন।<br>**সমাধান :** পল্লী জনপদ ভবন নির্মাণ।<br>**ফলাফল :** কৃষি জমির অপচয়রোধ ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার। |
| ২০১৯-২০২০ | ১. আইপি ক্যামেরার ব্যবহার<br>২. অনলাইনে প্রশিক্ষণ | **১. আইপি ক্যামেরার মাধ্যমে আরডিএ প্রদর্শনী খামার মনিটরিং:** প্রদর্শনী খামারের গুরুত্বপূর্ণ স্থানগুলিতে আইপি ক্যামেরা স্থাপনের মাধ্যমে খামারের বিভিন্ন কার্যক্রম মনিটরিং করা।<br>**২. অনলাইনে আরডিএ প্রশিক্ষণ:** অনলাইনের মাধ্যমে ফর্ম পূরণসহ প্রশিক্ষণার্থী বাছাই ও বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান। |

| বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) | | |
|---|---|---|
| **অর্থবছর** | **সহজিকৃত সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | - | - |
| ২০১৬-২০১৭ | - | - |
| ২০১৭-২০১৮ | - | - |
| ২০১৮-২০১৯ | সেবা সহজিকরণ প্রসেস ম্যাপ। | প্রসেস ম্যাপের মাধ্যমে ক্যাম্পাস পরিচিতি চিহ্নিত করা। |
| ২০১৯-২০২০ | ফিস ডিজিজ ক্লিনিক স্থাপনের মাধ্যমে মাছ চাষ সহজীকরণ। | ফিস ডিজিজ ক্লিনিকের মাধ্যমে মৎস্য চাষীদের মৎস্যের রোগ নির্নয় করে সেবা প্রদান এবং উন্নত মৎস্য স্বাস্থ্য নিশ্চিত করা। |

| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | | |
|---|---|---|
| **অর্থ-বছর** | **সহজিকৃত সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | ঋণ প্রাপ্তির প্রক্রিয়া সহজিকরণের জন্য সঞ্চয় ইকুইটি পূর্বের তুলনায় শিথিলকরণ। | সঞ্চয় ইকুইটি শিথিলকরণ এর ফলে পিডিবিএফ এর সুফলভোগীরা পূর্বের তুলনায় সহজ এবং দ্রুততম সময়ে ঋণ গ্রহণ করতে পারছে। |
| ২০১৬-২০১৭ | পিডিবিএফ মোবাইল অ্যাপ। | পিডিবিএফ এর সকল কার্যালয়ের সকল কর্মকর্তাদের মোবাইল নাম্বার সম্বলিত একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। |
| ২০১৭-২০১৮ | পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রম ডিজিটালাইজেশন করার পদক্ষেপ গ্রহন। | পিডিবিএফ এর ঋণ কার্যক্রমকে ত্বরান্বিত করার নিমিত্তে সকল মাঠকর্মীকে অফিসিয়াল মোবাইল সিম প্রদান করা হয়। এছাড়াও পিডিবিএফ এর কার্যালয় সমূহকে সরকারীভাকে ইন্টারনেট সেবার অওতায় আনার পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ২০১৮-২০১৯ | পিডিবিএফ এর সকল আঞ্চলিক কার্যালয়গুলোকে গুগল ম্যাপে সংযুক্তকরণ। | সেবা সহজীকরণের নিমিত্তে পিডিবিএফ এর সকল আঞ্চলিক কার্যালয় সমূহকে গুগল ম্যাপে আওতাভুক্ত করার প্রক্রিয়া |

04/01/2021
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | চলমান রয়েছে। |
| ২০১৯-২০২০ | মানব সম্পদ ডাটাবেজ তৈরি। | অনলাইন ভিত্তিক সফটওয়্যারের মাধ্যমে পিডিবিএফ এর মানব সম্পদ বিষয়ক সকল কার্যক্রম পরিচালণের লক্ষ্যে অনলাইন ডাটাবেজ তৈরি করা হয়। |

| দপ্তরের নাম: ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) | | |
|---|---|---|
| **অর্থ-বছর** | **সহজিকৃত সেবার নাম** | **সংক্ষিপ্ত বিবরণ** |
| ২০১৫-২০১৬ | করা হয়নি | |
| ২০১৬-২০১৭ | অনলাইন অটোমেশন সেবা | অনলাইন অটোমেশনের মাধ্যমে তাৎক্ষনিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।<br>এছাড়া অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষনিকভাবে জানার সুযোগ রয়েছে। |
| ২০১৭-২০১৮ | অভিযোগ ও পরামর্শ | এসএফডিএফ-এর কোন কর্মকর্তা সেবা প্রদানে, ঋণ সুবিধা প্রদানে, কিস্তি আদায়ে, সঞ্চয়ের উপর মুনাফা সুবিধা প্রদানে, পুর্জি উত্তোলন বা অন্য যে কোন সেবার ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না। এ ধরনের কোন ঘটনা ঘটলে তা প্রতিকারের জন্য সাথে সাথে মহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালককে ফোনে বা লিখিতভাবে অভিযোগ করা যাবে। এছাড়া এসএফডিএফ-এর কার্যক্রম উন্নয়নের জন্য কোন পরামর্শ থাকলে তা প্রধান কার্যালয়ে লিখেতভাবে জানানো যাবে। |
| ২০১৮-২০১৯ | সদস্যের সঞ্চয় উত্তোলন/সমন্বয় ও ফেরত কার্যক্রম। | উপজেলা ব্যবস্থাপক কর্তৃক অনুমতির সুপারিশসহ প্রধান কার্যালয়ে আবেদনের স্ক্যান কপি অনলাইনে প্রেরণ করেন। প্রধান কার্যালয় থেকে তাৎক্ষনিক মঞ্জুর/নামঞ্জুর করে একইভাবে অনলাইনে উপজেলা কার্যালয়ে পাঠানো হয়। |
| ২০১৯-২০২০ | ১. অফিস অটোমেশন হতে SMS Service | ফাউন্ডেশনের সুফোলভোগী সদস্যদের মাঝে ঋণ বিতরণ ও সঞ্চয় কার্যক্রমে আরো স্বচ্ছতা, গতিশীলতা এবং জবাবদিহিতা আনার লক্ষ্যে SMS সার্ভিস চালু করা। |

08/01/2021
আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

04.01.2021
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

04.01.2021
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিষ্ট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়